

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ২৮ সেপ্টেম্বর ২০১৭

আয়কর ও কাস্টমস্-ভ্যাট বিভাগের মাসিক রাজস্ব সম্মেলন অনুষ্ঠিতঃ

আগস্ট মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা অর্জন করায় সাতজনকে ‘Commissioner of the Month’ ঘোষণা

আয়কর ও কাস্টমস্-ভ্যাট বিভাগের ২০১৭-২০১৮ অর্থবছরের রাজস্ব সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল এবং আগস্ট ২০১৭ মাস পর্যন্ত সময়ের রাজস্ব সংগ্রহ সংক্রান্ত অগ্রগতি ও পর্যালোচনা বিষয়ক মাসিক রাজস্ব সম্মেলন আজ ২৮ সেপ্টেম্বর ২০১৭ যথাক্রমে সকাল ০৯.৩০ ঘটিকায় এবং বিকাল ২.৩০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সভায় সভাপতিত্ব করেন। রাজস্ব সম্মেলনে জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর ও কাস্টমস্ বিভাগের সদস্যবর্গ, জাতীয় রাজস্ব বোর্ডের উর্ধ্বতন কর্মকর্তাগণসহ মাঠ পর্যায়ের আয়কর বিভাগের সংশ্লিষ্ট কমিশনারগণ উপস্থিত ছিলেন।

আয়কর ও কাস্টমস্-ভ্যাট বিভাগের মাসিক রাজস্ব সম্মেলনের শুরুতেই রাজস্ব আহরণ কার্যক্রমের সার্বিক অগ্রগতি ও পর্যালোচনা করা হয়। সভায় বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর), বকেয়া রাজস্ব আদায়, রাজস্ব সংক্রান্ত মামলা নিষ্পত্তি, অডিট সংক্রান্ত মামলা নিষ্পত্তি, প্রচেষ্টা নির্ভর ও উৎসে কর আহরণের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে।

রাজস্ব সম্মেলনে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড আগস্ট মাস পর্যন্ত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন করায় তিনজন আয়কর কমিশনার ও তিনজন ভ্যাট কমিশনার এবং কাস্টমস্ হাউজের একজন কমিশনারকে ‘কমিশনার অব দ্য মানথ, আগস্ট’ ঘোষণা করেন। কমিশনারগণ হলেন, (আয়কর) যথাক্রমে-

১. জনাব সৈয়দ মোহাম্মদ আবু দাউদ, কর অঞ্চল- সিলেট।
২. জনাব অপূর্ব কান্তি দাস, কর অঞ্চল-১০, ঢাকা।
৩. জনাব মোঃ মেফতাহ উদ্দিন খান, কর অঞ্চল-০২, ঢাকা।

ভ্যাট কমিশনারগণ হলেন-


১. জনাব মোঃ মতিউর রহমান, এলটিইউ (ভ্যাট), ঢাকা।
২. জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, রাজশাহী ভ্যাট কমিশনারেট, রাজশাহী।
৩. জনাব ড. মোঃ সহিদুল ইসলাম, ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম)।

এছাড়া কাস্টমস্ হাউজের মধ্যে চট্টগ্রাম হাউজের কমিশনার জনাব এ এফ এম আব্দুল্লাহ খানকে কমিশনার অব দ্য মানথ ঘোষণা করা হয়।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড তাঁর দিক-নির্দেশনামূলক সমাপনী বক্তব্যে বলেন, ‘চলতি অর্থবছরে রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে পরিচালিত কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণপূর্বক অংশীজনের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রেখে রাজস্ব সংগ্রহের ধারাবাহিকতা এবং গতিশীলতা বজায় রাখতে হবে। রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে এক সাথে কাজ করতে হবে।’

তিনি আরো বলেন, ‘দেশের প্রত্যন্ত অঞ্চলে উন্নয়নের আবহ পৌঁছে গেছে। মানুষের সামাজিক ও অর্থনৈতিক অবস্থার অগ্রগতি সাধিত হচ্ছে। পাশাপাশি দুর্বীর গতিতে উন্নয়ন হচ্ছে। দেশের মেগা প্রকল্পগুলো বার্তা দেয়, আমরা ক্রমশঃ উন্নতির দিকে ধাবিত হচ্ছি। আমরা উন্নয়নের অক্সিজেন ‘রাজস্ব’ সরবরাহ করছি। এ অনুভব হৃদয়ে, মননে ও কাজে ধারণ করে উদ্বুদ্ধ হয়ে নিজ নিজ অধিক্ষেত্রে আমাদেরকে এগিয়ে যেতে হবে। আমাদেরকে সবসময় মনে রাখতে হবে আমরা রাষ্ট্রের জন্য কাজ করছি, আমরা মানুষের জন্য কাজ করছি।’

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ. মুমেন)
সিনিয়র তথ্য অফিসার

প্রাপকঃ

বার্তা সম্পাদক

সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।